দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 27 APR 2017
পৃষ্ঠা: ১৪ কলাম: ৫

# নির্দেশমতো গাইড না কেনায় ছাত্রকে নির্যাতন

**নিজস্ব সংবাদদাতা, জামালপুর, ২৬ এপ্রিল ॥** গাইড বই না কেনায় সদর উপজেলার ঝাওলা গোপালপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্র হাসনাত শাহরিয়ারকে শারীরিক নির্যাতনের অভিযোগ পাওয়া গেছে। শিশুটির পিতা এ ঘটনার বিচার চেয়ে মঙ্গলবার জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কাছে লিখিতভাবে অভিযোগ করেছেন। জানা গেছে, সদর উপজেলার মোহনপুর গ্রামের মোঃ আকরাম হোসেনের ছেলে হাসানাত শাহরিয়ার ওরফে আবির ঝাওলা গোপালপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীতে পড়ে। বেশ কিছুদিন ধরে প্রধান শিক্ষক মোঃ লোকমান আলী ও সহকারী শিক্ষক মোঃ নিজাম উদ্দীন শিক্ষার্থীদের অনুপম গাইড কেনার জন্য চাপ প্রয়োগ করে আসছিলেন। পঞ্চম শ্রেণীর মেধাবী ছাত্র মোঃ হাসানাত শাহরিয়ার গাইড বই কিনতে অস্বীকার করে। গাইড না কেনায় গত ১৯ এপ্রিল হাসানাত শাহরিয়ারকে বেত দিয়ে নির্মমভাবে পেটায় সহকারী শিক্ষক নিজাম উদ্দীন। শিক্ষকের নির্যাতনে শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়েছে শাহরিয়ার। শিশুটির পিতা এ ঘটনার বিচার চেয়ে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কাছে মঙ্গলবার লিখিত অভিযোগ দিয়েছেন। খোঁজ নিয়ে জানা গেছে, বিদ্যালয়টির প্রধান শিক্ষক লোকমান আলী ও সহকারী শিক্ষক নিজাম উদ্দীন শিক্ষার্থীদের অনুপম, গাইড কেনার জন্য চাপ প্রয়োগ করে আসছিলেন। শিক্ষকের চাপে বেশিরভাগ শিক্ষার্থী গাইড বই কিনতে বাধ্য হয়েছে। এ বিষয়ে প্রধান শিক্ষক লোকমান আলীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, বিদ্যালয়ে এ ধরনের কোন ঘটনা ঘটেনি। কোন শিক্ষার্থীকে গাইড বই কেনার জন্য নির্যাতন করা হয়নি। এ বিষয়ে জামালপুর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, লিখিত অভিযোগ পাওয়ার পর ঘটনাটি তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সদর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে নির্দেশ দেয়া হয়েছে। নির্যাতিত ওই শিশু শিক্ষার্থী তার কাছে গিয়ে নির্যাতনে চিহ্ন দেখান বলেও তিনি জানান।

**জামালপুরে দুই শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ**

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
২৭/৪
পরিচালক